

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৫.০০১.১৯.১৫২

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

বিষয়: পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন “লামনা মহিলা কলেজ” এ পাঠাদানের অনুমতির
প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল এর স্মারক নম্বর-বশিবো/কলেজ/অনুঃ/২০২২/৮৯৯ তারিখ:
৩০/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন "লামনা মহিলা কলেজ"-এ উচ্চ
মাধ্যমিক পর্যায়ে পাঠাদানের অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে এ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে; ২) আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোনো শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪) কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

১২-৫-২০২২

মোসাঃ রোকেয়া পারভীন

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৫.০০১.১৯.১৫২/১(৯)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) অতিরিক্ত সচিব, কলেজ-২ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) অধ্যক্ষ, লামনা মহিলা কলেজ, গলাচিপা, পটুয়াখালী
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১২-৫-২০২২

মোসাঃ রোকেয়া পারভীন
উপসচিব